

# আইসিটি অ্যান্ড কমিউনিটি ক্লাইমেট কেয়ার প্রকল্পের সমাপনী কর্মশালা অনুষ্ঠিত



বাংলাদেশ ফ্রেন্ডশীপ এডুকেশন সোসাইটি (বিএফইএস) পরিচালিত আইসিটি অ্যান্ড কমিউনিটি ক্লাইমেট কেয়ার প্রকল্পের সমাপনী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গত ২-৩ সেপ্টেম্বর ২০১৫ ইং তারিখে রাজধানী ঢাকার আদাবরে অবস্থিত বেসরকারি সংস্থা উদ্দীপন এর সভা কক্ষে দু'দিনব্যাপী এ কর্মশালার আয়োজন করা হয়। 'দক্ষতা যাচাই' নামক এবারের কর্মশালায় পাঁচটি কেন্দ্র থেকে ৫ জন করে ইয়ুথ গ্রুপ সদস্য ও সকল কেন্দ্র ব্যবস্থাপক সহ মোট ৩০ জন সদস্য অংশগ্রহণ করেন।

দু'দিনের এ কর্মশালায় নানা বিষয়ে আলোচনা করার জন্য ও অভিজ্ঞতা বিনিময় করার জন্য রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন, বিশিষ্ট আইনজীবী ড. বদরুল হাসান কচি, সংগঠক স্বকৃত নোমান, গল্পকার আসিফ এন্তাজ রবি, বাংলাদেশ শিশু একাডেমীর গ্রন্থাগার প্রধান রেজিনা আক্তার, দৈনিক প্রথম আলোর জ্যেষ্ঠ প্রতিবেদক গোলাম ইফতেখার মাহমুদ, জাগোনিউজ২৪.কম এর অ্যাসিস্ট্যান্ট নিউজ এডিটর আরিফুল ইসলাম, এভারেস্ট বিজয়ী মুসা ইব্রাহিম, ডাঃ তাহমিনা ফেরদৌসি, নলেজ এক্সপার্ট চন্দ্রনাথ বসাক প্রমুখ।



কর্মশালার প্রথম দিন বিকেলে অংশগ্রহণকারীদের জাতীয় সংসদ ভবন এলাকা পরিদর্শন করতে নিয়ে যাওয়া হয়। কর্মশালার শেষ দিন বিকেলে মুক্ত আলোচনা পর্বে অংশগ্রহণকারীরা বিগত দিনে তাদের অর্জন

ও কার্যক্রম সমূহ তুলে ধরেন এবং তাদের ভবিষ্যৎ প্রত্যাশা ব্যক্ত করেন। সমাপনী পর্বে প্রকল্প পরিচালক রেজা সেলিম অংশগ্রহণকারী উদ্দেশ্যে ভবিষ্যৎ দিক নির্দেশনা মূলক আলোচনা করেন এবং ইয়ুথ গ্রুপ সদস্যদের সমাজিক উন্নয়ন মূলক কাজে সার্বিক সহযোগিতা অব্যাহত থাকবে বলে আশ্বাস দেন।

এময় আরও উপস্থিত ছিলেন, প্রকল্প পরামর্শক দেবাশিষ নাগ, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর ব্যবস্থাপক (কার্যক্রম) আবু আল বাতেন, উদ্দীপন এর প্রতিষ্ঠাতা পরিচালক ইমরানুলহক চৌধুরী। সবশেষে অংশগ্রহণকারীদের মাঝে পুরস্কার ও সার্টিফিকেট বিতরণ করেন উপস্থিত অতিথিরা। পুরো কর্মশালাটির সঞ্চালনার দায়িত্ব পালন করেন আইটি ব্যবস্থাপক তৌফিকুল ইসলাম ও কেন্দ্র সমন্বয়ক দীপক কুমার।



প্রতিবেদকঃ তৌফিকুল ইসলাম